



**Department of  
Education**

Chancellor David C. Banks

প্রিয় পরিবারবর্গ,

শেষ তারিখের মধ্যে আবেদনকারী 2019 সালে জন্মগ্রহণকারী সকল ছেলেমেয়ের পরিবারের 3-K-তে ভর্তির ফলাফল এখন প্রকাশ হয়েছে।

যেসব পরিবার অনলাইনে আবেদন করেছিলেন, আজ থেকে শুরু করে তারা তাদের ছেলেমেয়ের 3-K-তে ভর্তির ফলাফলের চিঠি তাদের [মাইস্কুলস্](#) অ্যাকাউন্টে লগইন করে দেখতে পাবেন। যদি কোনও পরিবার ছাপানো চিঠি পাওয়া বেছে থাকেন, তাহলে এই চিঠির একটি অনুলিপি (কপি) তাদের কাছে ডাকযোগে পাঠানো হবে। যেসব পরিবার অনলাইনে আবেদন করেননি, তারাও তাদের ফলাফল পেতে পারেন:

- ইমেইলে [ESEnrollment@schools.nyc.gov](mailto:ESEnrollment@schools.nyc.gov) ঠিকানায়
- 718-935-2009 নম্বরে ফোন করে
- একটি [ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে](#) উপস্থিত হয়ে।

আপনার সন্তানের ফলাফলের চিঠিতে যা থাকতে পারে:

- 2022-2023 শিক্ষা বছরের জন্য একটি 3-K-তে ভর্তির অফার
- পরবর্তী ধাপসমূহ, যেমন একটি অফার কীভাবে গ্রহণ করতে হয়
- **ওয়েটলিস্ট বা অপেক্ষা-তালিকা সম্পর্কে তথ্য।** যদি কোনো পরিবার তার প্রথম পছন্দের প্রোগ্রাম থেকে অফার না পেয়ে থাকে, তবে যে প্রোগ্রাম থেকে অফার পেয়েছে, আবেদনপত্রে সেটার উপরে তালিকাবদ্ধ সকল পছন্দের প্রোগ্রামের অপেক্ষা-তালিকা বা ওয়েটলিস্টে তারা আপনাপনি স্থান পাবে। যদি কোনো পরিবার আবেদনপত্রের কোনো প্রোগ্রামে 3-K অফার না পায়, তাহলে তালিকাভুক্ত সকল প্রোগ্রামে সে আপনাপনি অপেক্ষা-তালিকায় (ওয়েটলিস্ট-এ) স্থান পাবে।

এই [ভিডিওটি](#) পরিবারদের তাদের অফার দেখার এবং গ্রহণ করার প্রক্রিয়া ধাপে ধাপে ব্যাখ্যা করবে।

এমন কী পরিবারেরা অপেক্ষা-তালিকা থেকে একটি অফারের প্রত্যাশায় থাকলেও, যারা একটি 3-K-তে ভর্তির অফার পেয়েছে, তাদের সন্তানের আসন সংরক্ষণ করতে সোমবার, 27 জুন-এর মধ্যে এই অফারটি গ্রহণ করতে আমরা তাদের জোর উৎসাহ দিচ্ছি।

- এই অফারটি এখন গ্রহণ করলে পরে ছেলেমেয়ের অপেক্ষা-তালিকা থেকে অন্য কোনও প্রোগ্রামে অফার পাবার সুযোগ হারাতে হবে না।
- যদি কোনো প্রোগ্রাম কোনো ছেলেমেয়েকে একটি অপেক্ষা-তালিকা বা ওয়েটলিস্ট অফার প্রদান করে, তবে তারা পরিবারের সাথে সরাসরি যোগাযোগ করবে।



**Department of  
Education**

Chancellor David C. Banks

- একবার একটি অফার (অপেক্ষা-তালিকাসহ) গ্রহণ করার পর, 3-K-তে কীভাবে রেজিস্টার করতে হবে এবং কী কী ডকুমেন্ট নিয়ে যেতে হবে, সে বিষয়ে আরও তথ্য জানাতে প্রোগ্রামটি আপনার সাথে যোগাযোগ করবে।

প্রশ্ন জিজ্ঞাসা করতে পরিবারেরা আমাদের 718-935-2009 নম্বরে ফোন করতে পারেন অথবা

[ESEnrollment@schools.nyc.gov](mailto:ESEnrollment@schools.nyc.gov) ঠিকানায় ইমেইল করতে পারেন--সহায়তা দেয়ার জন্য আমরা আপনাদের পাশে আছি!

শুভেচ্ছান্তে,

3-K অ্যাডমিশনস্ টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

[nyc.gov/3K](http://nyc.gov/3K)

**এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন?** [schools.nyc.gov/SignUp](http://schools.nyc.gov/SignUp) ওয়েবসাইটে আমাদের 3-K-তে ভর্তি হতে আগ্রহীদের ইমেইল লিস্ট বা তালিকায় নাম লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না। **আপনি যদি আমাদের যেকোনো অথবা সবগুলো মেইলিং লিস্ট থেকে কোনো ইমেইল পেতে না চান**, তবে অনুগ্রহ করে আনসাবসক্রাইব করতে [এখানে](#) ক্লিক করুন।